# গাজীপুরে শ্রমিক আন্দোলনে আহত তৌফিকের মৃত্যু



ছবি: সংগৃহীত

গাজীপুরে গার্মেন্টস শ্রমিকদের আন্দোলন চলাকালে হামলায় গুরুতর আহত তৌফিক শেখ (২১) মারা গেছেন। মঙ্গলবার (৩ নভেম্বর) সকাল ১০টার দিকে বাংলাবাজার এলাকার সিং জিং জাপান হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

তৌফিক গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার কোচাশহর ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের তবি খাঁর ছেলে। বাবার মৃত্যুর পর জীবিকার তাগিদে বাংলাবাজার এলাকায় গিয়ে লায়লা গার্মেন্টসে কাজ শুরু করেন তিনি।

স্বজন ও প্রত্যক্ষদর্শীরা জানান, সোমবার শ্রমিক আন্দোলনের সময় হামলার ঘটনা মোবাইল ফোনে ধারণ করতে গেলে হামলাকারীরা তৌফিকের ওপর চড়াও হয়। তাঁকে মারধর করে গুরুতর আহত করা হয়। পরে শ্রমিকরা উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার সকালে তাঁর মৃত্যু হয়।

তৌফিকের চাচা বাচ্চু মিয়া ও স্কুলশিক্ষক প্রদীপ কুমার জানান, পরিবারের অভাব ঘোচাতে বাবার মৃত্যুর পরই কাজের সন্ধানে এলাকায় এসেছিলেন তিনি।

এদিকে গাইবান্ধা-৪ আসনের সংসদ সদস্য ও ধর্ম প্রতিমন্ত্রী শামীম কায়সার লিংকন ভিডিও কলে নিহতের পরিবারের সঙ্গে কথা বলেন। তিনি শোক প্রকাশের পাশাপাশি দাফনের জন্য আর্থিক সহায়তার আশ্বাস দেন।